

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি বগলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৯.১৭. ৬৬

তারিখ: ০৯ মাঘ ১৪২৪
১৪ জানুয়ারি ২০১৮


প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা ড. মো: মহাতাব হোসেন (১২৬০২), সহকারি অধ্যাপক (আরবি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে মাননীয় প্রধানমন্ত্রী ও সরকার সম্পর্কে বিরূপ মন্তব্য করার অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা বুজু করে তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানীর জন্য প্রার্থনা করেন। গত ০৭.১২.২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি তার বক্তব্যে জানান যে, গত ০৯ জুন ২০১৫ তারিখ হতে ২০ জুলাই ২০১৭ তারিখ পর্যন্ত তিনি মাদরাসা শিক্ষা অধিদপ্তরে সহকারি পরিচালক (প্রশাসন) পদে কর্মরত ছিলেন। তিনি দীর্ঘ ১২ বছর যাবত সুনামের সাথে রাজশাহী কলেজে শিক্ষকতা ও তথায় স্থাপিত এফএলটিসিতে ল্যাংগুয়েজ ট্রেনার ও কো-অর্ডিনেটর হিসেবে কর্তৃপক্ষের সন্তুষ্টির সাথে তার উপর অর্পিত দায়িত্ব পালন করেছেন। তার গোটা চাকুরি জীবনে পূর্বে কখনো তার বিরুদ্ধে কোন প্রকার অভিযোগ উত্থাপিত হয়নি। তিনি কখনোই মাননীয় প্রধানমন্ত্রী বা সরকারের সমালোচনা করেননি। অধিকন্তু একজন সরকারি কর্মকর্তা হিসেবে তার প্রতি সার্বক্ষণিক আনুগত্য এবং সম্মান প্রদর্শন করা তার দায়িত্ব ও কর্তব্য বলে মনে করেন। তবে তার অগোচরে যদি এ ধরনের কোন কিছু সংঘটিত হয়ে থাকে তার জন্য তিনি অনুতপ্ত এবং ক্ষমা প্রার্থনা করেছেন। সার্বিক পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ যথাযথ নয় বিধায় তাকে অভিযোগসমূহ হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, ড. মো: মহাতাব হোসেন (১২৬০২), সরকারি অধ্যাপক (আরবি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর ব্যক্তিগত শুনানীতে উপস্থাপিত জবাববন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



১৪.০১.২০১৮

(মোঃ সোহরাব হোসাইন)


সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৯.১৭. ৬৬/১(৭)

তারিখ: ১৪ মাঘ ১৪২৪
জানুয়ারি ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ড. মো: মহাতাব হোসেন এর ব্যক্তিগত নথিতে/ডেসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরান পল্টন, ঢাকা।
- ৭। ড. মো: মহাতাব হোসেন (১২৬০২), সহকারি অধ্যাপক (আরবি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



(জাকিয়া খানম)

যুগ্মসচিব